# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT - SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**31 MAY 2024** **7:45—7:55 PM IST**

---

১) আসাম সহ উত্তর পূর্বাঞ্চলে রিমল ঘুর্ণিঝড়ের ফলে হওয়া প্রাকৃতিক দুর্যোগের ঘটনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্বেগ প্রকাশ

২) রাজ্যের ৫২টি কেন্দ্রে অনুষ্ঠেয় আগামী চৌঠা জুন ভোট গণনার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারকের মন্তব্য ।

৩) দেশের ৫৭টি আসনে আগামীকাল সপ্তম তথা অন্তিম পর্যায়ের ভোট গ্রহণ ।

৪) সমগ্র দেশের সঙ্গে আজ আসামেও তামাক বিরোধী দিবস পালন ।

৫) শিলচর রেল ষ্টেশনে জমা জল থাকার পরিপ্রেক্ষিতে উত্তর-পূর্ব রেলওয়ে কর্তৃপক্ষ বেশ কয়েকটি ট্রেনের চলাচল সম্পূর্ণ বাতাল করা ছাড়াও কয়েকটি ট্রেনের চলাচলে নিয়ন্ত্রন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসাম , মনিপুর , মাঘালয় , মিজোরাম , ত্রিপুরা এবং পশ্চিমবঙ্গে রীমাল ঘুর্ণিঝড়ের ফলে হওয়া প্রাকৃতিক দুর্যোগের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন । আজ সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী প্রাকৃতিক দুর্যোগের ফলে প্রভাবিত প্রত্যেক নাগরিকের জন্য তিনি গভীর ভাবে চিন্তিত বলে উল্লেখ করেছেন । বর্তমান পরিস্থিতির ওপর দৃষ্টি রাখা হচ্ছে বলে উল্লেখ করে কেন্দ্রীয় সরকার প্রভাবিত রাজ্যগুলিতে সব ধরণের সহযোগিতা প্রদান করবে বলেও তিনি আশ্বাস দিয়েছেন ।

---

শিলচরের কেন্দ্রীয় জল আয়োগ সূত্রে জানানো হয়েছে যে আজ সন্ধ্যা সাতটায় অন্নপূর্নঘাটে বরাক নদী বিপদ সীমার এক মিটার ৭০ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল ঘন্টায় এক সেন্টিমিটার করে কমছে ।

এদিকে আজ সন্ধ্যা ৬টায় করিমগঞ্জে কুশিয়ারা নদী বিপদসীমার এক মিটার ৪২ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে । এখানে জল ঘন্টায় দুই সেন্টিমিটার করে কমছে । মাটিজুড়িতে কাটাখাল নদী বিপদসীমার এক মিটার ৫২ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে ।

এখানে জল ঘন্টায় পাঁচ সেন্টিমিটার করে কমছে । অন্যদিকে ঘাড়মূড়ায় ধলেশ্বের নদী বিপদসীমার ৬ মিটার ২৩ সেন্টিমিটার উপরে প্রবাহিত হচ্ছে এবং এখানে জল ঘন্টায় ১৬ সেন্টিমিটার করে কমছে ।

---

**এদিকে** হাইলাকান্দি জেলায় বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও জেলার তিনটি প্রধান নদী এখনও বিপদসীমার উপরে প্রবাহিত হচ্ছে । এদিকে আজ কাটাখাল থানার অর্ন্তগত কালিনগর পঞ্চম খন্ড গ্রামে সত্যজিৎ দাস নামের এক শিশুর জলে ডুবে মৃত্যু হয়েছে । এস ডি আর এফ দল প্রায় তিন ঘন্টা অভিযান চালিয়ে শিশুটির মৃতদেহ উদ্ধার করেছে । অন্যদিকে মোহনপুর অঞ্চলের বেরাখাল গ্রামে নদীবাঁধ ভাঙ্গার ফলে ১০টি গ্রাম আজ নতুন করে প্লাবিত হয়েছে ।

---

উত্তর হাইলাকান্দির আলগাপুর ,পাঁচগ্রাম অঞ্চলও বন্যার কবলে পড়েছে । আজ মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য পাঁচগ্রাম টাউন হাইস্কুলে থাকা একটি আশ্রয় শিবির পরিদর্শন করেন ।তিনি বন্যাক্রান্তদের খোঁজ খবর নেবার পাশাপাশি পর্যাপ্ত ত্রাণ সামগ্রী বরাকে রয়েছে বলে জানান । ৩৭ নম্বর জাতীয় সড়ক জলমগ্ন হবার ফলে যোগাযোগ ব্যাবস্থা বিচ্ছিন্ন হয়েছে বলেও তিনি উল্লেখ করেন ।
এদিকে এ আই ইউ ডি এফ বিধায়ক নিজামুদ্দিন চৌধুরী আলগাপুরের বন্যা পরিস্থিতি উদ্বেগজনক বলে জানিয়েছেন । প্রশাসন ব্যাবস্থা না গ্রহণ করলে পরিস্থিতির আরো অবনতি হবে বলেও তিনি জানান । সরকারী তথ্য অনুসারে হাইলাকান্দি জেলার ১৫৬ টি রাজস্ব গ্রামের প্রায় ১৬ হাজার লোক এপর্যন্ত বন্যার কবলে পড়েছেন বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের বিপর্যয় শাখা থেকে এক বিজ্ঞপ্তিতে জনসাধারনকে বন্যার জলে সাতাঁর কাটা ,মাছ ধরা , জলকেলি খেলা , গাছ-বাঁশের অবশিষ্ট অংশ না ধরার জন্য অনুরোধ করা হয়েছে । জেলা প্রশসান থেকে জনসাধারনকে এ ব্যাপারে সর্তক করতে আজ মাইক যোগে এমর্মে ঘোষণা করা হয়েছে ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত তথা জেলা দূর্যোগ কর্তৃপক্ষের চেয়ারম্যান এক আদেশ জারী করে করিমগঞ্জ জেলার সব শিক্ষা প্রতিষ্ঠান ও অঙ্গনয়াড়ি কেন্দ্র আগামীকাল অর্থাৎ পয়লা জুন পর্যন্ত ছুটি ঘোষণা করেছেন । তবে সেবা পরিচালিত কম্পার্টমেন্টাল পরীক্ষাগুলো পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী যথারীতি চলবে । আবহাওয়া সম্পর্কীত পূর্বাভাষ এবং করিমগঞ্জ জেলার মুখ্য তিনটি নদীর জল বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত হওয়ার পরিপ্রক্ষিতে এই আদেশ জারী করা হয়েছে ।

---

আসামের ৫২টি ভোট গণনা কেন্দ্রে আগামী চৌঠা জুলাই অনুষ্ঠেয় ভোট গণনার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল আজ এই কথা জানিয়েছেন । শ্রী গোয়েল গৌহাটিতে সাংবদ মাধ্যমকে জানিয়েছেন যে চৌঠা জুলাই সকাল ৮টায় অনুষ্ঠেয় ভোট গণনার জন্য মোট ৫ হাজার ৮শো ৩২ জন আধিকারক ও কর্মচারিকে নিযুক্ত করা হয়েছে । ভোট গণনা স্বচ্ছ পদ্ধতিতে সম্পন্ন করার বিষয়টি সুনিশ্চিত করার উদ্দেশ্যে নির্বাচন কমিশন ৬৪ জন

সাধারণ পর্যবেক্ষককে নিযুক্তি দিয়েছে বলেও তিনি জানিয়েছেন । শ্রী গোয়েল আরো জানান যে মোট ৫২টি ভোট গ্রহণ কেন্দ্রে ১ হাজার ৯শো ৪১টি ভোট গণনার মেজর ব্যবস্থা করা হয়েছে । এদিকে , আজ পর্যন্ত রাজ্যের ১৪ জন রিটার্ণিং অফিসার ১ লক্ষ ২৮ হাজার ২শো ৯৯টি ডাক-ব্যালট পেয়েছেন বলে উল্লেখ করে তিনি আরো জানান যে এর মধ্যে রাজ্যের যোরহাট লোকসভা আসনে সর্বাধিক ডাক-ব্যালট এসেছে ।

---

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট আগামী চৌঠা জুন শিলচর লোকসভা আসনের ভোটগণনা শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে ভারতীয় ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । এই নিষেধাজ্ঞা অনুসারে কোনো ব্যাক্তি অথবা গোষ্ঠীকে লাঠি ,দা ,বর্শা ইত্যাদি কোনো ধরণের অস্ত্র বহন করতে পারবেন না ।
আই এস বি টি এবং আই এস টি টি ক্যাম্পাসে কোনো ব্যাক্তি বা গোষ্ঠীর  কোনোধরণের বোমা ,পটকা বা অন্য কোনো উপকরণ বিক্রি ,ক্রয়,বিস্ফোরণ বা বহন করার অনুমতি নেই যা শব্দ বা রাসায়নিক প্রভাব সৃষ্টি করতে পারে ।
এছাড়া কোনো ব্যাক্তি বা দলকে খেলনা বন্দুক ,খেলনা পিস্তল এবং রিভলবার বহন করার অনুমতি নেই ।এই আদেশ অবিলম্বে কাছাড় জেলায় কার্যকর হয়েছে এবং আগামী ৫ জুন পর্যন্ত বলবৎ থাকবে ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা এক নির্দেশে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানিয়েছেন যে লোকসভা নির্বাচনের ভোট গণনার উদ্দেশ্যে শিলচর বাইপাস রোড // আই এস বি টি রামনগর থেকে চার কিলোমিটার চেংকুড়ি পয়েন্টের দিকে আগামী চার ও পাঁচই জুন ভোর চারটা থেকে বন্ধ থাকবে ।

---

এদিকে করিমগঞ্জ জেলায় আগামী চৌঠা জুন ভোটগণনার দিন  অফিসিয়াল রেকর্ডিং ছাড়া কোনো ধরণের স্টিল বা ভিডিও ক্যামেরা গণনা কক্ষের ভিতরে নেওয়া যাবে না বলে জানানো হয়েছে । গণনার সময় জেনারেল অবজারভার ,পুলিশ অবজারভার ,এক্সপেনডিচার অবজারভার ছাড়াও একজন কাউন্টিং অবজারভার থাকবেন ।  এছাড়া গণনা প্রাঙ্গণে ত্রিস্তরীয় নিরাপত্তা সুরক্ষাবলয় থাকবে ।এতে সি আর পি এফ ,আসাম পুলিশ এবং সি সি টি ভির নজরদারি থাকবে । গণনা প্রাঙ্গণের ১০০ মিটার এলাকার মধ্যে জনসাধারণের চলাচল ও যানবাহনের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে ।

---

অষ্টাদশ লোকসভা নির্বাচনের আগামীকাল অন্তিম তথা সপ্তম পর্যায়ে  ৮টি রাজ্য এবং কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ৫৭টি আসনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে । এই পর্যায়ে মোট ৯শো ৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন । আগামীকাল উত্তর প্রদেশ এবং পাঞ্জাবের ১৩টি করে , পশ্চিমবঙ্গের ৯টি , বিহারের ৮টি , ওড়িষ্যার ৬টি , হিমাচল প্রদেশের ৪টি , ঝাড়খন্ডের ৩টি এবং চন্ডিগড়ের ১টি লোকসভা আসনের ভোট গ্রহণ করা হবে । এই আসন গুলিতে আগামীকাল বেলা ১০টা থেকে ভোট গ্রহণ করা হবে । এই পর্যায়ে উল্লেখযোগ্য প্রার্থী যাদের রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হবে তারা হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জী , পাঞ্জাবের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা কংগ্রেস নেতা চরণজিৎ সিং চান্নি , প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী হরসিমরাৎ কৌর বাদল , আর জে ডি নেতা লালু প্রসাদ যাদবের কন্যা মিসা ভারতী , কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর , অভিনেত্রী কঙ্গনা রাণাওয়াৎ প্রমুখ । সংশ্লিষ্ট আসনগুলিতে অবাধ ও সুষ্ঠ ভাবে নির্বাচন সুনিশ্চিত করতে নির্বাচন কমিশিন যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে ।

---

সমগ্র দেশের সঙ্গে আসামেও আজ বিশ্ব তামাক বিরোধী দিবস পালন করা হয়েছে । তামাক সেবনের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতিবছর এই দিবস পালন করা হয় ।

এই উপলক্ষ্যে করিমগঞ্জ অসামরিক হাসপাতালে আজ জেলা তামাক নিয়ন্ত্রন সেলের উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । এই অনুষ্ঠানের মূল বিষয়বস্তু ছিল তামাক সেবন থেকে শিশু তথা কিশোর কিশোরীদের সুরক্ষা প্রদান করা । মূলত যুব প্রজন্মকে তামাক সেবনের ফলে সম্ভাব্য বিপদ সম্পর্কে সচেতন করে তোলা এবং তামাকমুক্ত একটি স্বাস্থ্যকর সমাজ গড়ার উদ্দেশ্যে এই কার্যসূচি গ্রহণ করা হয় ।

উল্লেখ্য যে তামাক সেবনের ফলে রাজ্যে প্রতি বছর হাজার হাজার লোক কর্কট রোগে আক্রান্ত হয়ে থাকেন । তথ্য আনুসারে দেশে গত ৫ বছরে তামাক সেবনের ফলে ১ লক্ষ ৯৪ হাজার লোক কর্কট রোগে আক্রান্ত হয়েছেন । এর মধ্যে ১ লক্ষ ১৪ হাজার রোগীর মৃত্যু হয়েছে । কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রানালয়ের তথ্য অনুসারে আসামে কর্কট রোগীদের মধ্যে ৪৮ শতাংশই তামাক সেবনের ফলে এই রোগে আক্রান্ত হয়ে থাকেন । এর পরিপ্রক্ষিতে তামাক সেবনের অভ্যাস থেকে মুক্ত হতে গৌহাটির বি বরুয়া কর্কট প্রতিষ্ঠান একটি বিশেষ হেল্প লাইন নম্বর চালু করেছে । ১৮০০১১২৩৫৬ নম্বরে ফোন করলে তামাক সেবন থেকে মুক্ত হতে চাওয়া ব্যাক্তিকে ওই প্রতিষ্ঠান বিশেষভাবে সহযোগিতা করবে ।

---

শিলচর রেল ষ্টেশনে জমা জল থাকার পরিপ্রেক্ষিতে উত্তর-পূর্ব রেলওয়ে কর্তৃপক্ষ বেশ কয়েকটি ট্রেনের চলাচল সম্পূর্ণ বাতাল করা ছাড়াও কয়েকটি ট্রেনের চলাচল নিয়ন্ত্রিত করেছে । ফলে , আগামীকালের চলাচল করা ধর্মনগর - শিলচর , দুল্লভছড়া - শিলচর , গৌহাটি - বদরপুর - গৌহাটি , শিলচর - শ্রীবার , শিলচর - ভৈরবী , শিলচর - মহিশাসন , মহিশাসন - শিলচর , শিচর - গৌহাটি , শিলচর - নিউ তিনসুকিয়া এবং শিলচর - আগরতলা ট্রেনগুলি সম্পূর্ণ ভাবে বাতিল করা হয়েছে । এর মধ্যে কলকাতা - আগরতলা , শ্রীবার - শিলচর , ভৈরবী - শিলচর , গৌহাটি - শিলচর এবং নিউ তিনসুকিয়া - শিলচর ট্রেনগুলির চলাচল আগামী দুসরা জুনও বাতিল করা হয়েছে ।

এছাড়াও বিভাগীয় সূত্রে আরো জানানো হয়েছে যে বর্তমান বন্যা পরিস্থিতির জন্য বিভিন্ন স্থানে রেলওয়ে ট্রাক ক্ষতিগ্রস্থ হওয়ায় শিয়ালদা - আগরতলা , রঙ্গিয়া - গৌহাটি , গৌহাটি - ডিব্রুগড় , মরিয়ানি - গৌহাটি ইত্যাদি ট্রেনের চলাচল আংশিক ভাবে নিয়ন্ত্রণ করা হয়েছে ।

---

রাজ্যের বিভিন্ন প্রান্তে চলা লটারী খেলাগুলির বিরুদ্ধে গৌহাটী হাইকোর্টে একটি জনস্বার্থজড়িত আবেদন দাখিল করা হয়েছে । ন্যায়ালয় মামলার শুনানী গ্রহণ করে রাজ্যের পুলিশ সঞ্চালক প্রধান এবং ৩৪ টি জেলার আয়ুক্তদের প্রতি বিজ্ঞপ্তি জারি করেছে । দেড় মাসের মধ্যে এসম্পর্কে সংশ্লিষ্ট কয়েকটি পক্ষকে শপথনামা দাখিল করতে হবে । উল্লেখ্য যোরহাটের রূপম বরবরা নামের একজন সচেতন ব্যাক্তি রাজ্যে অনলাইন ও অফলাইনের মাধ্যমে চলা লটারী খেলাগুলি বন্ধ করার জন্য হাইকোর্টে আবেদন করেছিলেন । আবেদনে তিনি উল্লেখ করেন যে এই লটারী খেলাগুলি লটারী নিয়ন্ত্রণ আইন ১৯৯৮ এবং লটারী নিয়ন্ত্রণ বিধি ২০১০ অনুসারে অবৈধ । সেক্ষেত্রে সরকারকে শীঘ্র লটারী খেলাগুলি বন্ধ করার জন্য হাইকোর্ট যেন নির্দেশ দেয় ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ডক্টর সুপ্রবীর দত্তরায় জানিয়েছেন যে বর্তমান বন্যা পরিস্থিতি এবং আসাম বিশ্ববিদ্যালয় স্বীকৃত কয়েকটি কলেজ প্রাঙ্গণে ত্রাণ শিবির খোলার পরিপ্রেক্ষিতে আগামীকালের টি ডি সি ইভেন সেমিষ্টারের পরীক্ষা স্থগিত রাখা হয়েছে । পরবর্তীতে নতুন সময়সূচী জানানো হবে । তবে আগামী ৬ই জুন থেকে অনুষ্ঠেয় অন্যান্য পরীক্ষা নির্ধারিত সময়সূচী অনুযায়ী হবে বলে ডক্টর দত্তরায় জানিয়েছেন ।

---

হাইলাকান্দির জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে হাইলাকান্দি শহরের জল সরবরাহ প্রকল্পের জল উত্তোলন কেন্দ্র ইনটেক পয়েন্টটি বন্যার ফলে ব্যাপক ক্ষতিগ্রস্থ হওয়ায় শহরে জল সরবরাহ বিঘ্নিত হচ্ছে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে জল উত্তোলন কেন্দ্রটির মেরামতি শেষ না হওয়া পর্য্যন্ত শহরে শহরে নিয়মিত পানীয় জল সরবরাহ বিঘ্নিত হবে ।

---

সমাপ্ত